

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.০০০০.০৪২.১৬.০০২.১৯-৬৮৩

তারিখ: ০৮ জ্যৈষ্ঠ ১৪২৯
২২ মে ২০২২

বিষয়: বরিশাল জেলার গৌরনদী উপজেলার অন্তর্গত কালনা বড় খন্দকার বাড়ী জামে মসজিদের পূর্ব, পশ্চিম ও উত্তর দিকে রাস্তা পাকাকরণের লক্ষ্যে একটি প্রকল্প গ্রহণ সংক্রান্ত।

সূত্র: জনাব মোঃ মাহমুদুর রহমান খোন্দকার, গ্রাম: কালনা, ডাকঘর: হাজীপাড়া, উপজেলা: গৌরনদী, জেলা: বরিশাল ও উপজেলা নির্বাহী কর্মকর্তা, সিলেট এর আবেদন, তারিখ: ১৯ মে ২০২২।

উপর্যুক্ত বিষয়ে বরিশাল জেলার গৌরনদী উপজেলার অন্তর্গত কালনা বড় খন্দকার বাড়ী জামে মসজিদের পূর্ব, পশ্চিম ও উত্তর দিকে রাস্তা পাকাকরণের লক্ষ্যে একটি প্রকল্প গ্রহণের অনুরোধ সম্বলিত সূত্রস্থ আবেদনের ছায়ালিপি এসাথে প্রেরণ করা হলো।

২। উক্ত আবেদনটির বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সূত্রস্থ আবেদনের ছায়ালিপি।

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email:lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, বরিশাল।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের জন্য]।
- ৬। জনাব মোঃ মাহমুদুর রহমান খোন্দকার, গ্রাম: কালনা, ডাকঘর: হাজীপাড়া, উপজেলা: গৌরনদী, জেলা: বরিশাল ও উপজেলা নির্বাহী কর্মকর্তা, সিলেট।

বরাবর
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[দৃঃ আঃ উপসচিব (জেলা পরিষদ)]


বিষয়: বরিশাল জেলার গৌরনদী উপজেলার অন্তর্গত কালনা বড় খন্দকার বাড়ী জামে মসজিদের পূর্ব, পশ্চিম ও উত্তর দিকে প্রায় দৈর্ঘ্য ৫০০ মিটার ও প্রস্থ ১০ ফুট মাটির রাস্তা পাঁকাকরণের নিমিত্ত আরসিসি ঢালাই করার লক্ষ্যে বরিশাল জেলা পরিষদ থেকে ১০.০০ (দশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের জন্য আবেদন।

মহোদয়,


যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক সবিনয় নিবেদন এই যে, বরিশাল জেলার গৌরনদী উপজেলার অন্তর্গত কালনা বড় খন্দকার বাড়ী জামে মসজিদ অত্র এলাকার অনেক পুরাতন ও স্বনামধন্য একটি মসজিদ। এ মসজিদে এলাকার ধর্মপ্রান মুসলমানগণ ০৫ ওয়াক্ত নামাজ আদায় করেন এবং ছেলেমেয়েদেরকে পবিত্র কোরআন শিক্ষা দেয়া হয়। এছাড়া এ মসজিদটি একটি গণশিক্ষা কেন্দ্র। এ মসজিদের পূর্ব, পশ্চিম ও উত্তর দিকে প্রায় দৈর্ঘ্য ৫০০ মিটার ও প্রস্থ ১০ ফুট মাটির রাস্তা রাস্তা রয়েছে। আশেপাশের সকল রাস্তা পাঁকা হয়েছে। বর্ষাকালে উক্ত মাটির রাস্তাটিতে অনেক পরিমাণে কর্দামুক্ত হয় এবং এর ফলে জনসাধারণের যাতায়াতে মারাত্মক বিঘ্ন সৃষ্টি হয়। তাই অত্র এলাকার জনসাধারণের দুর্ভোগ লাঘবে এ রাস্তাটি জরুরী ভিত্তিতে পাঁকাকরণ একান্ত প্রয়োজন।

এমতাবস্থায়, মহোদয় সমীপে বিনীত প্রার্থনা, উপর্যুক্ত বিবরণাদি সদয় বিবেচনাপূর্বক বরিশাল জেলার গৌরনদী উপজেলার অন্তর্গত কালনা বড় খন্দকার বাড়ী জামে মসজিদের পূর্ব, পশ্চিম ও উত্তর দিকে প্রায় দৈর্ঘ্য ৫০০ মিটার ও প্রস্থ ১০ ফুট মাটির রাস্তা পাঁকাকরণের নিমিত্ত আরসিসি ঢালাই করার লক্ষ্যে বরিশাল জেলা পরিষদ থেকে ১০.০০ (দশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সদয় নির্দেশনা প্রদানে মহোদয়ের সদয় মর্জি হয়।

তারিখ: ১৯ মে ২০২২



বিনীত,
এলাকারাশীর পক্ষে


১৯/০৫/২০২২

(মোঃ মাহমুদুর রহমান খোন্দকার)
গ্রাম-কালনা, ডাকঘর-হাজীপাড়া
উপজেলা-গৌরনদী, জেলা-বরিশাল

ও

উপজেলা নির্বাহী কর্মকর্তা (পদায়নকৃত)
সিলেট বিভাগ